

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৯৫(আগরতলা ৭।১)
জিৱানীয়া, ৭ জানুয়ারি, ২০২৪

**২২তম ৰাজ্যভিত্তিক মাস্টাৰ অ্যাথলেটিক্স চ্যাম্পিয়ানশীপেৰ উদ্বোধন
সৰকাৰ খেলাধুলাৰ উন্নয়নে বিশেষ অগ্ৰাধিকাৰ দিয়েছে : পৰ্যটন মন্ত্ৰী**

যুবক-যুবতীদেৰ ময়দানমুখী কৰতে বৰ্তমান সৰকাৰ বিভিন্ন পৰিকল্পনা নিয়েছে। এ সমস্ত পৰিকল্পনাৰ অন্যতম উদ্দেশ্য হ'ছে যুব সম্প্ৰদায়কে নেশা থেকে দূৰে রাখা। আজ ৰাণীৰবাজাৰ বিদ্যামন্দিৰ মাঠে ২২তম ৰাজ্যভিত্তিক মাস্টাৰ অ্যাথলেটিক্স চ্যাম্পিয়ানশীপেৰ উদ্বোধন কৰে পৰ্যটন মন্ত্ৰী সুশান্ত চৌধুৰী একথা বলেন। অনুষ্ঠানে পৰ্যটন মন্ত্ৰী বলেন, ৰাজ্য সৰকাৰ খেলাধুলাৰ উন্নয়নে বিশেষ অগ্ৰাধিকাৰ দিয়েছে। যাতে ভবিষ্যতে জাতীয় ও আন্তৰ্জাতিক স্তৰে ৰাজ্যেৰ ক্ৰীড়াবিদৰা সাফল্য পেতে পাৰে। সাংবাদিকদেৰ সাথে কথা বলাৰ সময় তিনি জানান, ৰাজ্যেৰ খেলাধুলায় জিৱানীয়া ও ৰাণীৰবাজাৰ এলাকাৰ বিশেষ সুনাম রয়েছে। ৰাণীৰবাজাৰ প্লে এন্ড ওয়েলফেয়াৰ অৰ্গেনাইজেশনেৰ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ৰাণীৰবাজাৰ পুৰ পৰিষদেৰ ভাইস চেয়াৰপাৰ্সন প্ৰবীৰ কুমাৰ দাস ও সমাজসেবী গৌৰাঙ্গ ভৌমিক।
